গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.৩২.০০২.২১-৬৭ -বিশেষ তারিখ: ১১/০৯/২০২৫খ্রি.

**বিষয়:** আসন্ন "টাইফয়েড টিকাদান কার্যক্রম-২০২৫" সফল করার জন্য নির্দেশনা প্রসঙ্গে।

**সূত্র:** স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর স্মারক নং- স্বাঃঅধিঃইপিআই/আইসি এন্ড বিসিসি/টিসিভি/২০২৫/১৩৫৪, তারিখ: ১৭/০৮/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর অধীন সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) ১৯৭৯ সাল থেকে দেশব্যাপী শিশু, কিশোরী এবং সন্তান ধারণ ক্ষমতা সম্পন্ন নারীদের বিভিন্ন সংক্রামক রোগজনিত মৃত্যু ও পঙ্গুত্বের হার কমিয়ে আনার লক্ষ্যে সারাদেশে টিকাদান কর্মসূচি পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকারের ইপিআই কর্মসূচির আওতায় আগামী ১২ অক্টোবর ২০২৫ হতে টাইফয়েড জ্বর প্রতিরোধে মাসব্যাপী সারাদেশে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ শুরু হতে যাচ্ছে যা শিশুদের টাইফয়েড সংক্রমনজনিত অসুস্থতা ও মৃত্যুহার বহলাংশে হ্রাস করবে। ক্যাম্পেইন চলাকালে প্রায় ৫ কোটি শিশুর প্রত্যেককে নিরাপদ ১ ডোজ টাইফয়েড টিকা বিনামূল্যে প্রদান করা হবে। উল্লেখ্য যে, উক্ত টিকাদান কার্যক্রম চলাকালে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রাক-প্রাথমিক হতে ৯ম শ্রেণি/সমমান পর্যন্ত সকল শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ০৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী সকল শিশুদের বিদ্যমান ইপিআই টিকাদান কেন্দ্রে এই টাইফয়েড টিকা প্রদান করা হবে।

এমতাবস্থায়, আগামী ১২ অক্টোবর, ২০২৫ হতে টাইফয়েড জ্বর প্রতিরোধে মাসব্যাপী সারাদেশে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ সার্বিকভাবে সফল করতে তাঁর আওতাধীন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/সহকারী থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদেরকে এই টিকাদান কার্যক্রমটি সফলভাবে সম্পন্ন করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে সহযোগিতা করার নির্দেশনা প্রদান করবেন এবং অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপকভাবে প্রচারের নিমিত্তে জেলা শিক্ষা অফিস ও মাধ্যমিক শিক্ষা অফিসের ফেসবুক পেইজে পত্রটি এবং পত্রের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্র আপলোড করবেন;

(খ) সহকারী উপজেলা/সহকারী থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয়সমূহে কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

(গ) জেলা/উপজেলা/থানার সকল কর্মকর্তাকে দৈবচয়নের ভিত্তিতে বিদ্যালয়সমূহে উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে;

(ঘ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে প্রধান শিক্ষকগণকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সকল সহকারী শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;

(ঙ) "টাইফয়েড টিকাদান কার্যক্রম-২০২৫" সফলভাবে বাস্তবায়নের জন্য শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন, টিকা গ্রহণ নিশ্চিতকরণ, টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবী হিসেবে রোভার স্কাউট/শিক্ষার্থীদের নিয়োজিত করা এবং অভিভাবকগণকে উদ্বুদ্ধকরণের বিষয়টি নিশ্চিত করবেন।

(চ) রেজিস্ট্রেশন ফরমের তথ্যাদি সঠিক কিনা দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ তা তদারকি করবেন;

(ছ) "টাইফয়েড টিকাদান কার্যক্রম-২০২৫" কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে সহকারী পরিচালক (বিশেষ শিক্ষা) জনাব মোঃ খালেদ সাইফুল্লাহ সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্রের ছায়ালিপি ও সংশ্লিষ্ট নির্দেশিকা।

11.09.25

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৪১০৫০২৮৫

জেলা শিক্ষা অফিসার
(সকল জেলা)

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা / চট্টগ্রাম / সিলেট / কুমিল্লা / রাজশাহী / খুলনা / বরিশাল / ময়মনসিংহ / রংপুর অঞ্চল।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি, ঢাকা (মাউশি'র ওয়েব সাইট এবং ফেসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ চট্টগ্রাম / সিলেট / কুমিল্লা / রাজশাহী / খুলনা / বরিশাল / ময়মনসিংহ / রংপুর অঞ্চল।
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা, সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় / মাধ্যমিক বিদ্যালয় / স্কুল এন্ড কলেজ।
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৯. সংরক্ষণ নথি।

CamScanner

# শিক্ষকদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা

৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি সকল ছাত্র ছাত্রীরা www.vaxepi.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে পারবে। যে সকল ছাত্র ছাত্রী প্রাক-প্রাথমিক থেকে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত কিন্তু বয়স ১৫ বছরের বেশি এবং ১৭ সংখ্যার ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ আছে তারাও ১ ডোজ টাইফয়েড টিকা পাবে। এজন্য সেই ছাত্র ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের শুধু ১৭ সংখ্যা vaxepi@mis.dghs.gov.bd মেইলে স্কুল ই- মেইল থেকে পাঠাতে হবে অথবা সংশ্লিষ্ট স্বাস্থ্য সহকারী বা টিকাদানকর্মীর নিকট জন্ম নিবন্ধনের ১৭ সংখ্যা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট স্বাস্থ্য সহকারী বা টিকাদানকর্মী সেই জন্ম নিবন্ধনের ১৭ সংখ্যার তালিকা MIS বা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে। MIS / যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে MIS/ যথাযথ কর্তৃপক্ষ/ স্বাস্থ্য সহকারী/ টিকাদান কর্মী দ্রুততার সাথে তা শিক্ষকদের জানিয়ে দেবে এবং উক্ত শিক্ষার্থীরা তখন www.vaxepi.gov.bd সাইটে টাইফয়েড টিকার নিবন্ধন এবং কার্ড ডাউনলোড করে টিকা নিতে পারবে।

16.9.25

CamScanner